# হরমুজ প্রণালীতে জাহাজ চলাচলে ফি, ইরানি সংসদে অনুমোদন



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালী দিয়ে চলাচল করা জাহাজ থেকে বিভিন্ন সেবার বিপরীতে ফি নেওয়ার প্রস্তাব অনুমোদন করেছে ইরানের পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা ও পররাষ্ট্রনীতি বিষয়ক কমিটি।

রোববার (২৩ আগস্ট) ইরানের সরকারি বার্তা সংস্থা ইরনা এ তথ্য প্রকাশ করেছে।

'হরমুজ প্রণালীর নিরাপত্তা ও উন্নয়ন নিশ্চিতকরণে কৌশলগত কর্মপরিকল্পনা' নামের খসড়া আইনটি নিয়ে কমিটিতে আলোচনা চলছে। কমিটির মুখপাত্র হাসান কাশকাভি জানান, আগের বৈঠকে আটকে থাকা খসড়া আইনের তৃতীয় ধারা পর্যালোচনার পর অনুমোদন পেয়েছে।

নতুন ধারায় হরমুজ প্রণালী দিয়ে যাওয়া জাহাজের কাছ থেকে নৌ চলাচল ও পরিবেশগত সেবা, বিশেষ পরিস্থিতিতে জ্বালানি সরবরাহ, বিমা ও নিরাপত্তাসহ বিভিন্ন সেবার জন্য অর্থ নেওয়ার সুযোগ রাখা হয়েছে।

অনুমোদিত দেশগুলোর যেসব জাহাজ এই প্রণালী ব্যবহার করবে, তাদের এসব ফি দিতে হবে। ইরানি রিয়াল অথবা তেহরান কর্তৃপক্ষ নির্ধারিত অন্য মুদ্রায় অর্থ পরিশোধের ব্যবস্থা রাখা হয়েছে।

আন্তর্জাতিক নৌ চলাচলের অধিকারও খসড়া আইনে স্বীকৃতি দেওয়া হয়েছে। পাশাপাশি হরমুজ প্রণালীর উপকূলবর্তী দেশগুলোর নিরাপত্তা, সার্বভৌমত্ব ও অধিকার রক্ষার বিষয়টিও রাখা হয়েছে।

বিশ্বের গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথগুলোর একটি হরমুজ প্রণালী। পারস্য উপসাগরীয় দেশগুলোর তেল ও গ্যাসের বড় একটি অংশ এই জলপথ ব্যবহার করে বিশ্বের বিভিন্ন দেশে পাঠানো হয়।